ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৭১০
জিরানীয়া, ৩ সেপ্টেম্বর, ২০২৫

## জিরানীয়ায় মাদক বিরোধী সচেতনতামূলক কর্মসূচি

ত্রিপুরা স্টেট ভারত স্কাউট এন্ড গাইড, জিরানীয়া মহকুমার উদ্যোগে মাদকবিরোধী সচেতনতামূলক প্রচার অভিযানের অঙ্গ হিসাবে গতকাল চম্পকনগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে এক বিশেষ কর্মসূচির আয়োজন করা হয়। এই কর্মসূচির মাধ্যমে নেশার কুপ্রভাবের বিভিন্ন দিক ছাত্রছাত্রীদের সামনে তুলে ধরা হয়। অনুষ্ঠানে প্রজাপিতা ব্রহ্মা কুমারী ঈশ্বরীয় বিশ্ব বিদ্যালয়ের বি কে ভাইবোনেরা সচিত্র প্রতিবেদনের মাধ্যমে মাদক বিরোধী বার্তা উপস্থিতি ছাত্রছাত্রীদের কাছে উপস্থাপন করেন। এছাড়া আলোচনা করেন বিদ্যালয় পরিচালনা কমিটির ভাইস চেয়ারম্যান শেখর চন্দ্র পাল, বরিষ্ঠ তথ্য আধিকারিক গৌতম দাস, স্কাউট এন্ড গাইড এর প্রতিনিধি মনোজ কুমার দাস, শিক্ষক উৎপল মজুমদার প্রমুখ। ধন্যবাদ সূচক বক্তব্য রাখেন বিদ্যালয়ের অধ্যক্ষ মধুমিতা নাথ। অনুরূপ আরেকটি অনুষ্ঠান হয় খুমলুং এ খুঁমপুই একাডেমিতে। সেখানে উপস্থিত ছিলেন বিদ্যালয় পরিচালনা কমিটির চেয়ারম্যান সুখরাম দেববর্মা, বিদ্যালয়ের অধ্যক্ষ হেবল কলই, বিকে অঞ্জন, বি কে দেবাশিষ, বি কে শঙ্কু, বি কে দীপান্বিতা, বি কে রোশনী মাতা প্রমুখ।

*****